



সিএমপি কমিশনার মাহবুবর রহমানের হাতে ত্রাণ সামগ্রী তুলে দিচ্ছেন কেওয়াই স্টিল কর্তৃপক্ষ

দরিদ্রদের মাঝে কেওয়াই স্টিলের ত্রাণ সহায়তা

চট্টগ্রামে নভেল করোনাভাইরাসের কারণে কর্মহীন, দরিদ্র ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছে কেওয়াই স্টিল মিলস লিমিটেড। সামাজিক দায়বদ্ধতা কর্মসূচির অংশ হিসেবে প্রথম দফায় ৫০০ অসহায় পরিবারের জন্য ত্রাণ সহায়তা দিয়েছে প্রতিষ্ঠানটি। কেওয়াই স্টিল মিলস লিমিটেড কর্তৃপক্ষ জানায়, গত ৩ মে দামপাড়ায় সিএমপি কমিশনার মো. মাহবুবর রহমান এবং উপ পুলিশ কমিশনার মো. আমির জাফরের কাছে এই ত্রাণসামগ্রী বিতরণ করা হয়। এসব প্যাকেটে চাল, ডাল, তেল ও সাবানসহ বিভিন্ন প্রয়োজনীয় সামগ্রী রয়েছে। কেওয়াই স্টিল মিলস লিমিটেড কাউকে সরাসরি ত্রাণ না দিয়ে সিএমপি কমিশনারের কাছে ত্রাণ তুলে দিয়েছে, যাতে করে সিএমপি কর্তৃপক্ষ তাদের ত্রাণ তহবিলের মাধ্যমে গরিব ও কর্মহীন মানুষকে এসব ত্রাণ বিতরণ করতে পারেন। ত্রাণ বিতরণের সময় কেওয়াই স্টিল মিলসের পক্ষ থেকে উপস্থিত ছিলেন একাউন্টস ও ফাইন্যান্স বিভাগের প্রধান রাকিবুল কামাল, আইটি বিভাগের প্রধান পার্থ ঘোষ, মানবসম্পদ বিভাগের ডেপুটি ম্যানেজার সুব্রত দেব, ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন বিভাগের সিনিয়র এক্সিকিউটিভ ইকরাম আলি প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।